

চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষায় প্রশ্ন ফাঁস ঠেকাতে সার্বক্ষণিক নজরদারি করছেন বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তিনি বলেন, ‘গত এসএসসি পরীক্ষার সময় আমরা দেখেছিলাম একটি অভিনব কায়দায় প্রশ্ন ফাঁসের চেষ্টা করা হয়েছিল। এবার ফাঁস করলে শান্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। এ বিষয়ে আমরা সার্বক্ষণিক নজরদারি করছি।’

আজ রোববার বেলা সাড়ে ১১টায় রাজধানীর বেগম বদরগঞ্জেসা সরকারি মহিলা কলেজ কেন্দ্র পরিদর্শন শেষে শিক্ষামন্ত্রী এ কথা জানান।

advertisement

দীপু মনি বলেন, ‘গত এসএসসি পরীক্ষার সবকিছু বিশ্লেষণ করে আমরা প্রশ্নফাঁস ঠেকানোর ব্যবস্থা নিয়েছি। এটি কার্যকর থাকবে। তারপরেও কেউ যদি চেষ্টা করেন আমরা নিশ্চয়ই সেগুলো সবাই মিলে প্রতিরোধ করব।’

advertisement 4

মন্ত্রী বলেন, ‘এখানে পরীক্ষার কেন্দ্রে দেখলাম। আমরা আশা করি, সারা দেশে শান্তিপূর্ণভাবে পরীক্ষা শেষ হবে। কোনো ধরনের প্রশ্ন ফাঁসের গুজব ছাড়াই আমাদের পরীক্ষাগুলো সম্পূর্ণ হবে।’ এ সময় সবার সহযোগিতা কামনা করেন দীপু মনি।

তিনি আরও বলেন, ‘আমি পরীক্ষা কেন্দ্রে অনেক আগে এসেছি পরিবেশ দেখার জন্য। অভিভাবকদের প্রচন্ড ভিড়। বাইরে যারা আগে এসেছেন তারা সন্তানদের ভেতরে তুকিয়ে দিয়ে বাইরে অপেক্ষা করছেন। তাদের এত ভিড় যে বাকি পরীক্ষার্থীদের আসতেও দেরি হচ্ছে।’

ফেসবুকে প্রশ্ন ফাঁসের বিষয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, ‘প্রতিবারই এগুলো নিয়ে নজরদারি চলে। টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কিংবা ব্যাংকিং ব্যবস্থায় যারা রয়েছেন তারা বিষয়টা নজরদারি করেন।’

এখন সবার হাতে হাতে মোবাইল, ফেসবুকে যারা এ ধরনের অপরাধমূলক কাজ করে থাকে তারা কখনই সফল হয় না। এ ধরনের গুজব যারা ছড়াবেন চিহ্নিত করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে, বলেন দীপু মনি।

এ বছর দেশের দুই হাজার ৬৪৯টি কেন্দ্রে ১২ লাখ ৩ হাজার ৪০৭ পরীক্ষার্থী অংশ নিচ্ছেন। এর মধ্যে ৬ লাখ ২২ হাজার ৭৯৬ ছাত্র এবং ৫ লাখ ৮০ হাজার ৬১১ জন ছাত্রী রয়েছেন।

1  
Shares